# নারায়ণগঞ্জে দাঁড়িয়ে থাকা নীলাচল পরিবহনের বাসে আগুন



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা নীলাচল পরিবহনের একটি বাসে আগুন লাগার ঘটনা ঘটেছে। রোববার (২১ সেপ্টেম্বর) রাত ১টা ৩৫ মিনিট থেকে ২টার মধ্যে সিটি করপোরেশনের ৬ নম্বর ওয়ার্ডের এসও ঈদগাহ মাঠের পাশে নতুন রাস্তা এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, রাতে রাস্তার পাশে বাসটি পার্ক করা ছিল। হঠাৎ সেটিতে আগুন জ্বলতে দেখা যায়। পরে আগুন দ্রুত বাসের বিভিন্ন অংশে ছড়িয়ে পড়ে। স্থানীয়দের কয়েকজনের ধারণা, দুর্বৃত্তরা আগুন দিয়ে থাকতে পারে। তবে এ বিষয়ে এখনো নিশ্চিত কোনো তথ্য পাওয়া যায়নি।

খবর পেয়ে আদমজী ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে যায়। রাত ২টা ১৫ মিনিটের দিকে আগুন নিয়ন্ত্রণে আসে। দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনায় তা আশপাশে ছড়িয়ে পড়েনি।

আদমজী ফায়ার স্টেশনের স্টেশন অফিসার মিরন মিয়া জানান, পার্ক করে রাখা বাসটিতে আগুন লাগার খবর পেয়ে দুটি ইউনিট পাঠানো হয়। পরে আগুন নিয়ন্ত্রণে আনা হয়। এ ঘটনায় কেউ হতাহত হয়নি।

সিদ্ধিরগঞ্জ থানার এসআই শফিয়ার রহমান বলেন, আগুন লাগার কারণ এখনো জানা যায়নি। বাসটিতে কেউ আগুন দিয়েছে কি না, সেটিও খতিয়ে দেখা হচ্ছে। ঘটনার কারণ এবং জড়িতদের শনাক্তে তদন্ত চলছে।

অগ্নিকাণ্ডে বাসটির কী পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

LENS ASIA